রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগস্ট ২৮, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

শা-আইন-১।

## প্রজ্ঞাপন

তারিখ, ১১ই ভাদ্র, ১৪০০/২৬শে আগস্ট, ১৯৯৩

এস, আর, ও, নং ১৭০-আইন/৯৩/শা-আইন-১/১ আর-৩/৯৩/৭৪—রাজশাহী সিটি কর্পোরেশন আইন, ১৯৮৭ (১৯৮৭ সনের ৩৮ নং আইন) এর ধারা ১৫৬ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার রাজশাহী পৌর কর্পোরেশন (কমিশনার নির্বাচন) বিধিমালা, ১৯৮৮ তে নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরিউক্ত বিধিমালা এর—

(১) মুখবন্ধে উল্লিখিত "পৌর" শব্দটির পরিবর্তে "সিটি" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

(২) বিধি ১ এর "পৌর কর্পোরেশন (কমিশনার নির্বাচন)" শব্দগুলি এবং বন্ধনীগুলির পরিবর্তে "সিটি কর্পোরেশন (মেয়র এবং কমিশনারের প্রত্যক্ষ নির্বাচন)" শব্দগুলি এবং বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে।

(৩) বিধি ২ এর—

(ক) দফা (ক)তে "পৌর" শব্দটির পরিবর্তে "সিটি" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) বিলুপ্ত হইবে;



মূল্য : টাকা ১০.০০

(গ) দফা (ঙ) তে "রাজশাহী পৌর কর্পোরেশনের কোন কমিশনারের নির্বাচন" শব্দগুলির পরিবর্তে "মেয়র এবং কমিশনারের প্রত্যক্ষ নির্বাচন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) দফা (জ) তে "কমিশনার" শব্দটির পরিবর্তে "আইনের ৪(২) ধারার বিধান এবং এই বিধিমালার অধীনে মেয়র অথবা কমিশনার" শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) দফা (ট) তে "কমিশনার" শব্দটির পরিবর্তে "মেয়র অথবা কমিশনার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(চ) দফা (ঠ) তে "কমিশনার" শব্দটির পরিবর্তে "মেয়র অথবা কমিশনার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ছ) দফা (দ) তে "জন্য" শব্দটির পর "বিধি ১০(১)(ঘ) এর অধীনে নির্ধারিত" শব্দগুলি, বন্ধনীগুলি ও বর্ণ অন্তর্ভুক্ত হইবে;

(জ) দফা (প) তে "লিষ্ট" শব্দটির পরিবর্তে "তালিকা" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(ঝ) দফা (ফ) তে "উদ্দেশ্যে" শব্দটির পর "বিধি ১০(১)(ক) এর অধীনে নির্ধারিত" শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাগুলি এবং বর্ণ অন্তর্ভুক্ত হইবে।

(৪) বিধি ৪ এর—

(ক) উপ-বিধি (১) এ "নির্ধারিত" শব্দটির পরিবর্তে "আইনের ধারা ৪(১) এর অধীনে সরকার কর্তৃক নির্ধারিত" শব্দগুলি; সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "প্রয়োজনীয় তদন্ত অনুষ্ঠান করিবেন এবং" শব্দগুলির পরিবর্তে "প্রয়োজনীয় তদন্ত অনুষ্ঠান এবং এতদুদ্দেশ্যে নির্বাচন কমিশন কোন নির্দেশ দিলে উহা পালনের পর" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(৫) বিধি ৬ এর উপ-বিধি (১) এর—

(অ) "নির্বাচিত কমিশনারগণের" শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(আ) "নির্বাচন কমিশন" শব্দগুলির পর উল্লিখিত "একজন" শব্দের পরিবর্তে "প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কর্মকর্তাগণের মধ্য হইতে একজন কর্মকর্তাকে" প্রতিস্থাপিত হইবে।

(৬) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ নূতন বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"৭। **ভোটকেন্দ্র ও ভোটকক্ষ।**—(১) এতদুদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে রিটার্নিং অফিসার নির্বাচন কমিশনের নিকট প্রস্তাবিত ভোট কেন্দ্রসমূহের একটি তালিকা দাখিল করিবেন এবং উক্ত তালিকায় প্রতিটি ভোটকেন্দ্রে যে সকল এলাকার ভোটারগণ ভোটদান করিবেন সেই সকল এলাকার নাম সুনির্দিষ্টভাবে উল্লেখ করিবেন।

(২) নির্বাচন কমিশন উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত তালিকায় উহার বিবেচনায় প্রয়োজনীয় সংশোধন বা পরিবর্তনের পর উক্ত তালিকা চূড়ান্ত করিবেন এবং ভোট গ্রহণের তারিখের অন্যূন পনের দিন পূর্বে এই চূড়ান্ত তালিকা সরকারী গেজেটে প্রকাশ করিবেন; এবং প্রতিটি ভোট কেন্দ্রে যে সকল এলাকার ভোটারগণ ভোটদান করিবেন সেই সকল এলাকার নামও উক্ত চূড়ান্ত তালিকায় উল্লেখ করিবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত চূড়ান্ত তালিকা সরকারী গেজেটে প্রকাশিত হওয়ার পরও বিশেষ পরিস্থিতিতে, নির্বাচন কমিশন যে কোন ভোট কেন্দ্র পরিবর্তন করিতে পারিবেন।

(৩) রিটার্নিং অফিসার উপ-বিধি (২) এর অধীন প্রকাশিত চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা অনুযায়ী প্রতিটি ওয়ার্ডের জন্য ভোট কেন্দ্রের ব্যবস্থা করিবেন।

(৪) সর্বসাধারণের জন্য উন্মুক্ত নহে এইরূপ স্থানকে ভোটকেন্দ্র হিসাবে নির্ধারণ করা হইবে না।

(৫) পুরুষ ও মহিলা ভোটারগণ যাহাতে পৃথক পৃথকভাবে ভোটদান করিতে পারেন তদুদ্দেশ্যে প্রতিটি ভোটকেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক ভোটকক্ষের ব্যবস্থা থাকিবে এবং প্রতিটি ভোটকক্ষে ভোট চিহ্ন প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক স্থান থাকিবে।";

(৭) বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৮ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"৮। **প্রিসাইডিং অফিসার ও পোলিং অফিসার।**—(১) রিটার্নিং অফিসার প্রতিটি ভোট কেন্দ্রের জন্য একজন প্রিসাইডিং অফিসার এবং প্রিসাইডিং অফিসারকে সহায়তা করিবার জন্য প্রয়োজনীয় সংখ্যক সহকারী প্রিসাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করিবেন:

তবে শর্ত থাকে যে, এমন কোন ব্যক্তিকে প্রিসাইডিং অফিসার বা সহকারী প্রিসাইডিং অফিসার বা পোলিং অফিসার হিসাবে নিয়োগ করা হইবে না যিনি কোন প্রার্থীর অধীনে বা পক্ষে কর্মরত আছেন বা অনুরূপভাবে কোন সময় কর্মরত ছিলেন।

(২) আইন ও এই বিধিমালার বিধানাবলী অনুসারে প্রিসাইডিং অফিসার নির্বাচন পরিচালনা করিবেন; এবং ভোট কেন্দ্রের শৃংখলা বিধানের দায়িত্ব তাহার উপর বর্তাইবে।

(৩) কোন ঘটনা নির্বাচনের নিরপেক্ষতা ক্ষুণ্ণ করিতে পারে বলিয়া মনে করিলে উক্ত ঘটনা সম্পর্কে প্রিসাইডিং অফিসার অবিলম্বে রিটার্নিং অফিসারকে অবহিত করিবেন।

(৪) এই বিধিমালার অধীনে প্রিসাইডিং অফিসারের কর্তব্য পালনে তাহাকে সহায়তা প্রদান করা প্রতিটি সহকারী প্রিসাইডিং অফিসার ও পোলিং অফিসারের কর্তব্য হইবে।

(৫) কোন সহকারী প্রিসাইডিং অফিসার অথবা পোলিং অফিসার তাহার কর্তব্য পালনের জন্য ভোট কেন্দ্রে উপস্থিত হইতে সক্ষম না হইলে বা ব্যর্থ হইলে, প্রিসাইডিং অফিসার তাৎক্ষণিকভাবে এমন কোন ব্যক্তিকে সহকারী প্রিসাইডিং অফিসার অথবা পোলিং অফিসার নিয়োগ করিতে পারিবেন যিনি নিজে কোন প্রার্থী নহেন বা কোন প্রার্থীর সহিত সম্পর্কযুক্ত নহেন, এবং প্রিসাইডিং অফিসার কোন পোলিং অফিসারের অনুপস্থিতি, উহার কারণ এবং এইরূপ অনুপস্থিতির কারণে তদস্থলে অপর কোন

ব্যক্তিকে নিয়োগের বিষয়, ভোট গ্রহণ শেষ হওয়ার পর যথাশীঘ্র, রিটার্নিং অফিসারকে অবহিত করিবেন।

(৬) অসুস্থতা বা অন্য কোন কারণে প্রিজাইডিং অফিসার ভোট কেন্দ্রে উপস্থিত হইতে বা সেখানে উপস্থিত হওয়া সত্বেও তাহার দায়িত্ব পালনে অক্ষম হইলে, উক্ত প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য রিটার্নিং অফিসার সহকারী প্রিজাইডিং অফিসার-গণের মধ্যে যে কোন একজনকে ক্ষমতা প্রদান করিবেন, এবং প্রিজাইডিং অফিসার তাহার উক্ত অনুপস্থিতি বা অক্ষমতার কারণ যথাশীঘ্র রিটার্নিং অফিসারকে অবহিত করিবেন।

(৭) রিটার্নিং অফিসার, লিখিতভাবে কারণ লিপিবদ্ধ করিয়া ভোট গ্রহণ চলাকালে যে কোন সময়, যে কোন প্রিসাইডিং অফিসার অথবা সহকারী প্রিসাইডিং অফিসার অথবা পোলিং অফিসারকে তাহার দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার আদেশ দিতে পারেন।";

(৮) বিধি ৯ এ, উহার উপান্ত টীকাসহ, দুইবার উল্লিখিত "লিস্ট" শব্দটির পরিবর্তে "তালিকা" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৯) বিধি ১১ এর "প্রতিটি ওয়ার্ডের" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(১০) বিধি ১২ এর—

(ক) উপ-বিধি (১) এ "বা মহিলা কমিশনার মনোনীত হইবার" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—
"(১ক) আইনের ধারা ১৩(১) এর অধীনে মেয়র নির্বাচিত হইবার যোগ্যতা থাকিলে যে কোন ভোটার মেয়র নির্বাচনের উদ্দেশ্যে অন্য কোন ব্যক্তির নাম প্রস্তাব করিতে বা অনুরূপ প্রস্তাব সমর্থন করিতে পারিবেন।";

(গ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(২) আইনের ধারা ১৩ এর বিধান সাপেক্ষে, মনোনয়নপত্র—

(ক) কমিশনার নির্বাচনের জন্য, ফরম 'ক' তে এবং মেয়র নির্বাচনের জন্য ফরম 'ক ১' এ দাখিল করিতে হইবে;

(খ) প্রস্তাবকারী এবং সমর্থনকারী কর্তৃক দস্তখতকৃত হইতে হইবে; এবং

(গ) নিম্নবর্ণিত কাগজপত্রসহ দাখিল করিতে হইবে, যথাঃ—

(অ) বিধি ১৩ অনুসারে জামানতের টাকা জমা করার প্রমাণ স্বরূপ ট্রেজারী চালান অথবা ব্যাংকের রশিদ অথবা রিটার্নিং অফিসার হইতে প্রাপ্ত রশিদ; এবং

(আ) উক্ত মনোনয়ন সংশ্লিষ্ট প্রার্থী সম্মত আছেন এবং নির্বাচনে অংশ গ্রহণের ক্ষেত্রে আইনের ধারা ১৩(২) বা আপাততঃ বলবৎ অন্য কোন আইন অনুসারে তিনি অযোগ্য নহেন মর্মে তাহার স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র।";

(১১) বিধি ১৩ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(১) মেয়র নির্বাচনের ক্ষেত্রে, পাঁচ হাজার টাকা এবং কমিশনার নির্বাচনের ক্ষেত্রে, দুই হাজার টাকা জমাদানের প্রমাণস্বরূপ একটি ট্রেজারী চালান বা কোন তফসিলী ব্যাংকের রশিদ বা রিটার্নিং অফিসার প্রদত্ত রশিদ প্রতিটি মনোনয়ন পত্রের সহিত জমা দিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, কোন প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হইলে, একাধিক জামানতের প্রয়োজন হইবে না।";

(খ) উপ-বিধি (৩) এর "তথ্যাদি" শব্দের পর "ফরম" শব্দটি সন্নিবেশিত হইবে;

(১২) বিধি ১৫ এর—

(ক) উপ-বিধি (১) এর "প্রত্যেক প্রার্থী দ্বিতীয় তফসিলে" শব্দগুলির পরিবর্তে "কমিশনার নির্বাচনের ক্ষেত্রে প্রত্যেক প্রার্থী তফসিল-২ এবং মেয়র নির্বাচনের ক্ষেত্রে প্রত্যেক প্রার্থী তফসিল-৩এ" শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩) এর "তফসিল" শব্দটির পর "অথবা ক্ষেত্রমত তফসিল-৩এ" শব্দগুলি ও সংখ্যা সন্নিবেশিত হইবে;

(১৩) বিধি ১৬ এর উপ-বিধি (৩) এর দফা (ক) তে "কমিশনার" শব্দটির পরিবর্তে "মেয়র অথবা ক্ষেত্রমত কমিশনার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৪) বিধি ১৭ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) এবং (১ক) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(১) যে প্রার্থীর মনোনয়নপত্র বিধি ১৬(৪) এর অধীনে রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল করা হইয়াছে সেই প্রার্থী বাছাইয়ের তারিখের দুইদিনের মধ্যে উক্ত বাতিলের বিরুদ্ধে উপ-বিধি (১ক) এর অধীনে নিয়োজিত কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারেন।

(১ক) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে নির্বাচন কমিশশন একজন সরকারী কর্মকর্তাকে আপীল কর্তৃপক্ষ হিসাবে নিয়োগ করিবেন এবং বিধি ১০(১) এর অধীনে প্রজ্ঞাপন জারীর সময়েই উক্ত নিয়োগের বিষয় সরকারী গেজেটে প্রকাশ করিবেন।";

(খ) উপ-বিধি (২)তে "সিদ্ধান্ত" শব্দটির পর "চূড়ান্ত" শব্দটি সন্নিবেশিত হইবে;

(১৫) বিধি ২১ এর "যদি" শব্দটির পরিবর্তে "যদি কর্পোরেশনের মেয়র অথবা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৬) বিধি ২২ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) এবং (১ক) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(১) যদি কর্পোরেশনের মেয়র অথবা কোন ওয়ার্ডের কমিশনার হিসাবে নির্বাচনের জন্য প্রার্থীর সংখ্যা একাধিক হয়, তাহা হইলে ভোট অনুষ্ঠিত হইবে; এবং এতদুদ্দেশ্যে রিটার্নিং অফিসার বিধি (১০)(১)(ঘ) এর অধীন নির্ধারিত ভোট গ্রহণের তারিখের অন্ততঃ দশ দিন পূর্বে কর্পোরেশনের কার্যালয়ে উপ-বিধি (১ক) মোতাবেক প্রস্তুতকৃত তালিকার প্রয়োজনীয় সংখ্যক কপি নিম্নবর্ণিত স্থানে প্রকাশ করিবেন যথাঃ—

(ক) কমিশনার নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রকাশ্য স্থান বা স্থানসমূহে; এবং

(খ) মেয়র নির্বাচনের ক্ষেত্রে রাজশাহী নগরীর প্রকাশ্য স্থান বা স্থানসমূহে।

(১ক) রিটার্নিং অফিসার ফরম-চ তে বাংলা বর্ণমালার ক্রমানুসারে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের নাম মনোনয়ন পত্রে উল্লিখিত ঠিকানা এবং বরাদ্দকৃত প্রতীকের নাম সম্বলিত একটি তালিকা প্রস্তুত করিবেন।";

(১৭) বিধি ২৪ এর উপবিধি (১) এর "একজন প্রতিদ্বন্দ্বিতাকারী" শব্দগুলির পরিবর্তে "কমিশনার নির্বাচনের ক্ষেত্রে, একজন প্রতিদ্বন্দ্বিতাকারী" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং উক্তরূপে সংশোধিত উপবিধি (১) এরপর নিম্নরূপ নূতন উপবিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(১ক) মেয়র নির্বাচনের ক্ষেত্রে, একজন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী মেয়র হিসাবে নির্বাচনের জন্য যোগ্য কোন ব্যক্তিকে তাহার নির্বাচন প্রতিনিধি হিসাবে নিয়োগ করিতে পারিবেন।";

(১৮) বিধি ২৫ এর পর নিম্নরূপ নূতন বিধি ২৫ক সন্নিবেশিত হইবে, যথাঃ—

"২৫ক। **একই সংগে মেয়র ও কমিশনারের নির্বাচন অনুষ্ঠান।**—বিধি ১০এর উপবিধি (১) এর দফা (ঘ) এর অধীন নির্ধারিত ভোট গ্রহণের একই সংগে মেয়র এবং কমিশনার নির্বাচন অনুষ্ঠিত হইবে।";

(১৯) বিধি ২৬ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৬ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"২৬। **ভোট গ্রহণের সময়সূচী।**—রিটার্নিং অফিসার, নির্বাচন কমিশনের নির্দেশ সাপেক্ষে, ভোট গ্রহণের সময়সূচী নির্ধারণ করিবেন এবং উক্ত সময়সূচী সম্পর্কে তাহার বিবেচনায় উপযুক্ত পদ্ধতিতে জনসাধারণকে নোটিশ দিবেন।";

(২০) বিধি ২৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৮ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"২৮। **ব্যালট পেপার ফরম।**—(১) কমিশনার নির্বাচনের উদ্দেশ্যে ভোট চিহ্নিত করিবার জন্য প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের নাম ও প্রতীকসহ ফরম-ছ-তে ব্যালট পেপার ছাপাইতে হইবে।

(২) মেয়র নির্বাচনের উদ্দেশ্যে ভোট চিহ্নিত করিবার জন্য প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের নাম ও প্রতীকসহ ফরম ছ-১ এ ব্যালট পেপার ছাপাইতে হইবে।

(৩) যদি একাধিক প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নাম একই হয় তাহা হইলে ব্যালট পেপারে উক্ত প্রার্থীগণের পিতার নাম উল্লেখ করিতে হইবে।

(৪) ভিন্ন রঙের কাগজে ফরম ছ এবং ফরম ছ-১ ছাপাইতে হইবে।";

(২১) বিধি ৩০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩০ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"৩০। ভোট কেন্দ্রে প্রবেশ।—(১) প্রিজাইডিং অফিসার, নির্বাচন কমিশনের নির্দেশ সাপেক্ষে, এক সংগে কতজন ভোটার ভোট কক্ষে প্রবেশ করিতে পারিবেন তাহা নিয়ন্ত্রণ করিবেন এবং উক্তরূপে অনুমোদিত ভোটারগণ ও নিম্নোক্ত ব্যক্তিগণ ছাড়া অন্যান্য সকলকে বাহির করিয়া দিবেন, যথাঃ—

(ক) নির্বাচনে কর্তব্যরত কোন ব্যক্তি ;

(খ) প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ, তাহাদের নির্বাচন প্রতিনিধি ও প্রত্যেক ভোট কক্ষের জন্য একজন করিয়া পোলিং এজেন্ট ;

(গ) রিটার্নিং অফিসার কর্তৃক নির্দিষ্টভাবে অনুমতিপ্রাপ্ত অন্যান্য ব্যক্তিবর্গ।

(২) এক সংগে যতজন ভোটারকে ভোট কক্ষে প্রবেশ করিতে দেওয়া সুবিধাজনক বলিয়া প্রিজাইডিং অফিসার বিবেচনা করিবেন ততজন ভোটারকে তিনি এক সংগে ভোট কক্ষে প্রবেশ করিতে দিতে পারেনঃ

তবে শর্ত থাকে যে, ভোট চিহ্ন প্রদানকক্ষে একাধিক ভোটারকে একসংগে প্রবেশ করিতে দেওয়া হইবে না এবং প্রিজাইডিং অফিসার নিশ্চিত করিবেন যেন ভোটদানের গোপনীয়তা রক্ষা পায়।

(৩) প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী বা নির্বাচন প্রতিনিধি বা পোলিং এজেন্টকে, তাহার নিজের ভোট প্রদানের উদ্দেশ্য ব্যতীত, অন্য কোন উদ্দেশ্যে ভোট চিহ্ন প্রদান কক্ষে প্রবেশ করিতে দেওয়া হইবে না।

(৪) প্রিজাইডিং অফিসারের নির্দেশ অনুযায়ী আইন শৃংখলা রক্ষাকারী এজেন্সীর সদস্যগণ প্রত্যেক ভোট কেন্দ্রের ভিতরে বা বাহিরে কর্তব্যরত থাকিবেন এবং তাহারা প্রিজাইডিং অফিসারের আদেশ অনুযায়ী ভোটারগণের ভোট কেন্দ্রে যাতায়াত ত্বরান্বিতকরণ ও নিয়ন্ত্রণ এবং ভোট কেন্দ্রের ভিতরে ও বাহিরে শৃংখলা রক্ষার ব্যাপারে সাহায্য করিবেন।" ;

(২২) বিধি ৩৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩৩ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"৩৩। ভোটদানের স্থান ও ভোটার কর্তৃক প্রদেয় ভোট সংখ্যা।—

(১) কোন ব্যক্তি যে ওয়ার্ডের ভোটার তিনি কেবল সেই ওয়ার্ডের সংশ্লিষ্ট ভোট কেন্দ্রে নিম্নবর্ণিত সংখ্যক ভোট দিতে পারিবেন, যথাঃ—

(ক) কমিশনার নির্বাচনের উদ্দেশ্যে একজন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে একটি ভোট এবং ;

(খ) মেয়র নির্বাচনের উদ্দেশ্যে একজন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে একটি ভোট।";

(২৩) বিধি ৩৪ এর—

(ক) উপ-বিধি (১) এর "একটি" শব্দটির পরিবর্তে "কমিশনার নির্বাচনের জন্য একটি এবং মেয়র নির্বাচনের জন্য অপর একটি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(ঘ) ব্যালট পেপারের পিছনে সরকারী চিহ্নের সীলমোহর এবং প্রদানকারী অফিসারের অনুস্বাক্ষর থাকিবে ;" ;

(গ) উপ-বিধি (৫) এর দফা (গ) তে "ব্যালট পেপার" শব্দগুলির পরিবর্তে "প্রতিটি ব্যালট পেপার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(২৪) বিধি ৩৫ এ দুইবার উল্লিখিত "চ্যালেঞ্জকৃত" শব্দের পরিবর্তে "আপত্তিকৃত" শব্দ প্রতিস্থাপিত হইবে ;

(২৫) বিধি ৩৬ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৪) প্রিসাইডিং অফিসার সকল নষ্ট এবং বাতিলকৃত ব্যালট পেপার সীলমোহরকৃত মোড়কে রাখিবেন এবং এইরূপ মোড়কে নিম্নরূপ বর্ণনা লিপিবদ্ধ করিবেন, যথা :—

(ক) নষ্ট ও বাতিলকৃত ব্যালট পেপার..........................
সংখ্যা ..........................
(অংক ও কথায়) ..........................
ওয়ার্ড নং .................. এর
কমিশনার নির্বাচনের জন্য ; অথবা

(খ) নষ্ট ও বাতিলকৃত ব্যালট পেপার..........................
সংখ্যা ..........................
(অংক ও কথায়) ..........................
মেয়র নির্বাচনের জন্য।" ;

(২৬) বিধি ৩৮, ৩৯ এবং ৪০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩৮, ৩৯, ৩৯ক এবং ৪০ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"৩৮। **ভোট গ্রহণ সমাপ্তির পর করণীয়।**—(১) ভোট কেন্দ্রে ভোট গ্রহণ সমাপ্ত হওয়ার পর, প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী বা তাহাদের নির্বাচন প্রতিনিধি বা পোলিং এজেন্ট উপস্থিত থাকিলে তাহাদের সম্মুখে প্রিজাইডিং অফিসার পরীক্ষা করিয়া নিশ্চিত হইবেন যে, ব্যালট বাক্স বা ব্যালট বাক্সসমূহে লাগনো সীলমোহর অক্ষত রহিয়াছে এবং এইরূপে নিশ্চিত হওয়ার পর ব্যবহৃত ব্যালট বাক্স বা বাক্সসমূহের মধ্য হইতে সকল ব্যালট পেপার বাহির করিয়া লইবেন।

(২) প্রিজাইডিং অফিসার ব্যবহৃত ব্যালট বাক্স বা বাক্সসমূহ হইতে ব্যালট পেপার বাহির করিয়া—

(ক) কমিশনার এবং মেয়র নির্বাচনের ব্যালট পেপারগুলি পৃথক পৃথক করিয়া লইবেন ;

(খ) প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের পক্ষে সুস্পষ্টভাবে ভোট প্রদানের চিহ্ন বিশিষ্ট ব্যালট পেপারগুলিকে নিম্নবর্ণিত ত্রুটিযুক্ত অবৈধ ব্যালট পেপার হইতে আলাদা করিবেন, অর্থাৎ যেগুলিতে—

(অ) সরকারী চিহ্ন এবং প্রদানকারী অফিসারের অনুস্বাক্ষর নাই ; অথবা

(আ) প্রদানকারী অফিসারের অনুস্বাক্ষর ব্যতীত অন্য কোন লিখন আছে অথবা সরকারী চিহ্ন এবং ভোট প্রদানের চিহ্ন ব্যতীত অন্য কোন চিহ্ন আছে অথবা কাগজের টুকরা বা যে কোন প্রকারের বস্তু সংযোজিত আছে ; অথবা

(ই) কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে ভোট প্রদানের চিহ্ন নাই ; অথবা

(ঈ) কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর পক্ষে একাধিক ভোট প্রদানের চিহ্ন আছে ; অথবা

(উ) এইরূপ চিহ্ন আছে যাহা হইতে ইহা স্পষ্ট হয় না যে কাহার পক্ষে ভোট দেওয়া হইয়াছে :

তবে শর্ত থাকে যে, কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর অনুকূলে ভোট চিহ্ন প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে, যদি দেখা যায় যে, ভোট চিহ্নটির অর্ধাংশের বেশী উক্ত প্রার্থীর প্রতীক সম্বলিত স্থানের মধ্যে স্পষ্টভাবে প্রদত্ত হইয়াছে এবং যেক্ষেত্রে উক্ত ভোট চিহ্ন দুইজন প্রার্থীর প্রতীক সম্বলিত স্থানের মধ্যে সমান দুইভাবে বিভক্ত হয় সেক্ষেত্রে উক্ত ব্যালট পেপার অবৈধ ব্যালট পেপার হিসাবে গণ্য হইবে।

(৩) উপ-বিধি (২) অনুসারে কার্যক্রম গ্রহণের পর প্রিজাইডিং অফিসার "আপত্তিকৃত ব্যালট পেপার" নামাংকিত মোড়ক খুলিবেন এবং—

(ক) কমিশনার এবং মেয়র নির্বাচনের জন্য ভোট চিহ্ন প্রদত্ত ব্যালট পেপারগুলি পৃথক পৃথক করিবেন ; এবং

(খ) উপ-বিধি (২) এর দফা (খ) এর উপ-দফা (অ) হইতে (উ) তে বর্ণিত ত্রুটিযুক্ত ব্যালট পেপারগুলি আলাদা করিবেন।" ;

৩৯। **ভোট গণনা।**—(১) বিধি ৩৮ এর বিধান অনুযায়ী ব্যালট পেপারসমূহ বাছাই করিবার পর প্রিজাইডিং অফিসার প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ অথবা তাহাদের নির্বাচন প্রতিনিধি কিংবা পোলিং এজেন্ট উপস্থিত থাকিলে, তাহাদের উপস্থিতিতে—

(ক) প্রত্যেক প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর পক্ষে প্রদত্ত বৈধ সকল ভোট আলাদা আলাদাভাবে গণনা করিবেন এবং উক্ত "আপত্তিকৃত ব্যালট পেপার" নামাংকিত মোড়কে রক্ষিত ব্যালট পেপারে যে সকল ভোট উক্ত প্রার্থীর বরাবরে প্রদত্ত হইয়াছে তাহা প্রথমোক্ত ভোটের অন্তর্ভুক্ত করিবেন ;

(খ) কমিশনারের জন্য ফরম ঞ-তে এবং মেয়রের জন্য ফরম ঞ-১ এ গণনার বিবরণী প্রস্তুত করিবেন ;

(গ) কমিশনার নির্বাচনের উদ্দেশ্যে যে সকল আপত্তিকৃত ব্যালট পেপার বৈধ ভোট এবং অবৈধ ভোট হিসাবে চিহ্নিত হইয়াছে সেই সকল ব্যালট পেপারকে

দুইটি আলাদা মোড়কে রাখিবেন এবং উক্ত মোড়কে ভোট কেন্দ্রের নামসহ মোড়কে রক্ষিত ব্যালট পেপারের সংখ্যা ও প্রকৃতি লিপিবদ্ধ করিবেন ; এবং অনুরূপভাবে মেয়র নির্বাচনের উদ্দেশ্যে যে সকল আপত্তিকৃত ব্যালট বৈধ ও অবৈধ ভোট হিসাবে চিহ্নিত হইয়াছে সেইগুলিকেও একই পদ্ধতিতে দুইটি আলাদা মোড়কে রাখিবেন ; অতঃপর এই মোড়ক চারটিতে "...... ভোট কেন্দ্রের আপত্তিকৃত ব্যালট পেপার" নামাংকিত একটি প্রধান মোড়কে রাখিয়া উহা সীলমোহরকৃত করিবেন ;

(ঘ) উক্ত বিবরণীসমূহ, "আপত্তিকৃত ব্যালট পেপার" নামাংকিত মোড়ক এবং অন্যান্য কাগজপত্র ও দ্রব্যাদিসহ বিধি ৩৯ক এর বিধান অনুসারে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করিবেন।

(২) প্রিজাইডিং অফিসার—

(ক) প্রয়োজন মনে করিলে স্ব-উদ্যোগে ভোট পুনঃগণনা করিতে পারিবেন ; অথবা

(খ) তাহার বিবেচনা মতে কোন অনুরোধ অযৌক্তিক মনে না হইলে, গণনার সময় উপস্থিত আছেন এইরূপ প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী অথবা কোন নির্বাচন প্রতিনিধি অথবা পোলিং এজেন্টের অনুরোধে ভোট পুনঃগণনা করিতে পারিবেন।

৩৯ক। **মোড়কে রক্ষণীয় কাগজপত্র ইত্যাদি।**—(১) প্রিজাইডিং অফিসার—

(ক) প্রত্যেক প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর অনুকূলে প্রদত্ত বৈধ ভোটগুলি পৃথক মোড়কে রাখিবেন;

(খ) প্রতিটি মোড়ক সীলমোহর করিয়া মুখ বন্ধ করিবেন এবং প্রতিটি মোড়কে রক্ষিত বৈধ ভোটের সংখ্যা এবং যে প্রার্থীর অনুকূলে ভোট প্রদত্ত হইয়াছে তাহার নাম ও নির্বাচনী প্রতীকের বিবরণী মোড়কের উপর লিপিবদ্ধ করিয়া স্বাক্ষর করিবেন ;

(গ) কমিশনার পদের জন্য প্রত্যেক প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর অনুকূলে প্রদত্ত বৈধ ভোট সম্বলিত মোড়কগুলি একটি প্রধান মোড়কে রাখিবেন;

(ঘ) তদ্রূপ মেয়র পদের জন্য প্রত্যেক প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর অনুকূলে প্রদত্ত বৈধ ভোট সম্বলিত মোড়কগুলি অন্য একটি প্রধান মোড়কে রাখিবেন;

(ঙ) উপ-দফা (গ) এবং (ঘ) তে বর্ণিত প্রধান মোড়কগুলি সীলমোহর দ্বারা বন্ধ করিবেন এবং উহাতে রক্ষিত ছোট মোড়কের সংখ্যা নির্দেশ করিয়া প্রধান মোড়কের উপর স্বাক্ষর করিবেন।

(২) কমিশনার এবং মেয়র পদে নির্বাচনের উদ্দেশ্যে যে সকল অবৈধ ব্যালট পেপার গণনা করা হয় নাই সেইগুলিকে পৃথক পৃথক মোড়কে রাখিবেন এবং মোড়কের উপরে উক্ত পদের নাম ও ব্যালট পেপারের সংখ্যা লিপিবদ্ধ করিবেন এবং সীল-মোহর দ্বারা বন্ধ করিয়া উহার উপর প্রিজাইডিং অফিসার স্বাক্ষর করিবেন।

(৩) প্রিজাইডিং অফিসার নিম্নলিখিত কাগজপত্র ও দ্রব্যাদি পৃথক পৃথক মোড়কে রাখিয়া উক্ত কাগজপত্র ও দ্রব্যাদির বিবরণী লিপিবদ্ধ করিবেন ও মোড়কগুলি সীলমোহর করিবেনঃ—

(ক) ইস্যাকৃত নহে এরূপ ব্যালট পেপারসমূহ (মুড়িসহ);

(খ) আপত্তিকৃত ব্যালট পেপারসমূহ;

(গ) নষ্ট এবং বাতিলকৃত ব্যালট পেপারসমূহ;

(ঘ) চিহ্ন প্রদত্ত ভোটার তালিকার অনুলিপিসমূহ;

(ঙ) ইস্যাকৃত ব্যালট পেপারের মুড়িসমূহ;

(চ) আপত্তিকৃত ভোটের তালিকা;

(ছ) সরকারী চিহ্ন, ভোট প্রদান চিহ্ন (সীল) এবং তাম্র সীল;

(জ) রিটার্নিং অফিসারের নির্দেশ মোতাবেক অন্যান্য কাগজপত্র এবং দ্রব্যাদি।

(৪) প্রিজাইডিং অফিসার কমিশনার নির্বাচনের ব্যাপারে ফরম-ট তে একটি এবং মেয়র নির্বাচনের ব্যাপারে ফরম-ট-১ এ অপর একটি ব্যালট-পেপার-হিসাব প্রস্তুত করিবেন।

(৫) প্রিজাইডিং অফিসার এই বিধির অধীন তৎকর্তৃক সীলমোহরকৃত ও স্বাক্ষরিত প্রতিটি বিবরণী এবং মোড়কের উপর প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী অথবা নির্বাচন প্রতিনিধি অথবা পোলিং এজেন্টের স্বাক্ষর গ্রহণ করিবেন, যদি তাহারা উপস্থিত থাকেন ও স্বাক্ষর করিতে সম্মত হন।

(৬) সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী অথবা নির্বাচন প্রতিনিধি অথবা পোলিং এজেন্টের অনুরোধে প্রিজাইডিং অফিসার তাহাকে ফরম-ঞ অথবা ক্ষেত্রমত ফরম-ঞ-১ এ প্রস্তুতকৃত ভোট গণনার বিবরণীর যথাযথ সত্যায়িত কপি প্রদান করিবেন এবং অনুরূপভাবে উক্ত অনুরোধকারীকে এবং ফরম-ট অথবা ক্ষেত্রমত ফরম-ট-১ এ প্রস্তুতকৃত ব্যালট-পেপার হিসাবের কপিও প্রদান করিবেন।

(৭) প্রিজাইডিং অফিসার অবিলম্বে তৎকর্তৃক প্রস্তুতকৃত মোড়কসমূহ ভোট গণনার বিবরণী, ব্যালট-পেপার-হিসাব এবং তৎকর্তৃক গৃহীত অন্যান্য রেকর্ড ও দ্রব্যাদি রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করিবেন।

৪০। **ফলাফল একত্রীকরণ ও ঘোষণা।**— (১) রিটার্নিং অফিসার ফরম-ঞ এবং ফরম-ঞ-১ এ প্রদত্ত বিবরণীসমূহ, ফরম-ট ও ফরম-ট-১ এ প্রস্তুতকৃত ব্যালট পেপার-হিসাবসমূহ এবং অবৈধ ব্যালট পেপারের মোড়কসমূহ প্রাপ্তির সংগে সংগেঃ—

(ক) তাহার কার্যালয়ের নোটিশ বোর্ডে নির্বাচনী ফলাফল একত্রীকরণ ও ঘোষণার দিন, সময় এবং স্থান উল্লেখ করিয়া একটি নোটিশ জারী করিবেন;

(খ) নির্ধারিত দিন, সময় এবং স্থানে কমিশনার নির্বাচনের ফলাফল ফরম-ঠ তে এবং মেয়র নির্বাচনের ফলাফল ফরম-ঠ-১ এ একত্রীকরণ করিবেন (consolidate)।

(২) ফলাফলসমূহ একত্রীকরণের পূর্বে রিটার্নিং অফিসার—

(ক) প্রিজাইডিং অফিসার গণনা করেন নাই এইরূপ আপত্তিকৃত অবৈধ ব্যালট পেপার-সহ সকল অবৈধ ব্যালট পেপার পরীক্ষা করিবেন ;

(খ) যদি তিনি দেখেন যে, ঐ সকল ব্যালট পেপারের কোনটি গণনা বহির্ভূত রাখা ঠিক হয় নাই, তাহা হইলে তিনি উক্ত ব্যালট পেপারকে বৈধ ব্যালট পেপার হিসাবে গণ্য করিয়া সংশ্লিষ্ট প্রার্থীর পক্ষে প্রদত্ত ভোট হিসাবে গণনা করিবেন ;

(গ) বৈধ ভোটসমূহের সংশ্লিষ্ট সংখ্যার পার্শ্বে + (যোগ) চিহ্ন দ্বারা ঐরূপ গণনা একত্রীকৃত বিবরণীতে রেকর্ড করিবেন ;

(ঘ) দফা (গ) মোতাবেক গণনাকৃত বৈধ ব্যালট পেপারসমূহ একটি পৃথক নূতন মোড়কে এবং অবশিষ্ট অবৈধ ব্যালট পেপারসমূহ অন্য একটি নূতন মোড়কে রাখিবেন এবং এই নূতন মোড়কগুলি এবং প্রিজাইডিং অফিসার যে মোড়কে অবৈধ ব্যালট পেপারগুলি প্রেরণ করিয়াছিলেন সেই মোড়কটি একটি বৃহত্তর নূতন মোড়কে রাখিবেন ;

(ঙ) কোন অবৈধ ব্যালট পেপারকে বৈধ হিসাবে গণনা না করিলে সকল অবৈধ ব্যালট পেপার এবং প্রিজাইডিং অফিসার যে মোড়কে উহাদিগকে প্রেরণ করিয়াছিলেন সেই মোড়কটি একটি নূতন মোড়কে রাখিবেন;

(চ) দফা (ঘ) এবং দফা (ঙ) তে বর্ণিত মতে রাখা ব্যালট পেপারের সংখ্যা এবং ধরণ উল্লেখপূর্বক প্রতিটি বৃহত্তর নূতন মোড়কে সীলমোহর ও স্বাক্ষর করিবেন এবং নিশ্চিত করিবেন যে, প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রেরিত অবৈধ ব্যালট পেপারসমূহ এবং আপত্তিকৃত ব্যালট পেপারসমূহ যেন পরস্পরের সহিত মিশিয়া না যায়;

(ছ) ফরম-ঠ অথবা ফরম-ঠ-১ এ যে একত্রীকৃত বিবরণী প্রস্তুত করেন উহাতে এবং দফা (চ) এর অধীন তৎকর্তৃক স্বাক্ষরিত মোড়কসমূহে সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের অথবা তাহাদের নির্বাচনী প্রতিনিধিগণের স্বাক্ষর লইবেন যদি তাহারা উপস্থিত থাকেন এবং স্বাক্ষর দিতে সম্মত হন।

(৩) যে ক্ষেত্রে এই বিধির অধীন গণনার ফলাফল একত্রীকরণের পর দেখা যায় যে, দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর অনুকূলে সর্বোচ্চ সংখ্যক ভোট প্রদত্ত হইয়াছে, সে ক্ষেত্রে রিটার্নিং অফিসার যেরূপ উপযুক্ত মনে করেন সেইরূপ পদ্ধতিতে অবিলম্বে লটারীর ব্যবস্থা করিবেন এবং লটারীর ফল যে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর পক্ষে যায় সেই প্রার্থী সর্বোচ্চ সংখ্যক ভোট অর্জন করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং তিনি কমিশনার অথবা ক্ষেত্র বিশেষে মেয়র হিসাবে নির্বাচিত বলিয়া ঘোষিত হইবার অধিকারী হইবেন: যে সকল প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী অথবা নির্বাচন প্রতিনিধি উপস্থিত থাকিবেন কেবলমাত্র তাহাদের উপস্থিতিতে লটারীর ব্যবস্থা করিতে হইবে। রিটার্নিং অফিসার লিখিতভাবে লটারীর কার্যবিবরণী রেকর্ড করিবেন এবং তথায় সাক্ষী হিসাবে প্রার্থীগণের অথবা তাহাদের নির্বাচন

প্রতিনিধির স্বাক্ষর লইবেন এবং কমিশনারের ক্ষেত্রে ফরম-ঠ এবং মেয়রের ক্ষেত্রে ফরম-ঠ-২ তে লটারীর ফলাফল লিপিবদ্ধ করিবেন।

(৪) উপ-বিধি (১) ও (২) এর অধীন গণনার ফলাফল একত্রীকরণের পর অথবা ক্ষেত্র বিশেষে উপ-বিধি (৩) এর অধীন লটারীর পর রিটার্নিং অফিসার—

(ক) কমিশনারের ক্ষেত্রে, যে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী সর্বোচ্চ সংখ্যক ভোট পাইয়াছেন বা পাইয়াছেন বলিয়া গণ্য হন, ফরম-ঠ তে তাহাকে সংশ্লিষ্ট ওয়ার্ডের কমিশনার হিসাবে ঘোষণা করিবেন;

(খ) মেয়রের ক্ষেত্রে, ফরম ঠ-২ তে একটি নির্বাচনী রিটার্ণ প্রস্তুত করিবেন এবং যে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী সর্বোচ্চ সংখ্যক ভোট পাইয়াছেন বা পাইয়াছেন বলিয়া গণ্য হন তাহাকে মেয়র হিসাবে নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন; এবং

(গ) সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী অথবা তাহার নির্বাচন প্রতিনিধির অনুরোধে ফরম-ঠ তে অথবা ক্ষেত্র বিশেষে ফরম-ঠ-১ এ প্রস্তুতকৃত বিবরণী এবং ফরম-ঠ-২ তে প্রস্তুতকৃত নির্বাচনী রিটার্ণ এর সত্যায়িত কপি প্রদান করিবেন।";

(২৭) বিধি ৪২ এ "বিধি ৪০ এর উপ-বিধি (৪)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "বিধি ৩৯ ক" শব্দ, সংখ্যা ও বর্ণ প্রতিস্থাপিত হইবে;

(২৮) ২য় ভাগ (বিধি ৪৪) এর পর নিম্নরূপ নূতন দ্বিতীয় ১ ভাগ সন্নিবেশিত হইবে, যথাঃ—

## দ্বিতীয়-১ ভাগ

## নির্বাচনী ব্যয়

৪৪ক। **নির্বাচন ব্যয়ের সংজ্ঞা।**—"নির্বাচন ব্যয়" বলিতে পরিপত্র বা যে কোন প্রকাশনার মাধ্যমে অথবা অন্য কোনভাবে ভোটারগণের নিকট কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর অভিমত, লক্ষ্য বা উদ্দেশ্য উপস্থাপনের জন্য ব্যয়িত অর্থসহ তাহার নির্বাচন পরিচালনার জন্য উপহার, ঋণ, অগ্রিম, জমা বা অন্য যে কোনভাবে পরিশোধিত অর্থ, তবে এই সংজ্ঞায় বিধি ১৩ এর অধীন প্রদত্ত জামানত অন্তর্ভুক্ত হইবে না।

৪৪খ। **সম্ভাব্য নির্বাচন ব্যয় এবং উৎসের বিবরণী।**—(১) প্রার্থী পদ প্রত্যাহারের দিনের পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে প্রত্যেক প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী তাহার নির্বাচন ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় তহবিলের সম্ভাব্য উৎস সম্পর্কে নিম্নবর্ণিত তথ্যসমূহ প্রদর্শনপূর্বক ফরম-ঢ তে একটি বিবরণী রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিবেন, যথা ঃ

(ক) নিজ আয় হইতে যে অর্থের সংস্থান করা হইবে এবং উক্ত আয়ের উৎস;

(খ) নিজ আত্মীয় স্বজনের নিকট হইতে কর্জ বা তাহাদের স্বেচ্ছায়প্রদত্ত চাঁদা বাবদ প্রাপ্য সম্ভাব্য অর্থ এবং তাহাদের আয়ের উৎস;

(গ) অন্য কোন ব্যক্তির নিকট হইতে কর্জ অথবা স্বেচ্ছায়প্রদত্ত চাঁদা বাবদ প্রাপ্য অর্থ;

(ঘ) কোন প্রতিষ্ঠান, রাজনৈতিক দল অথবা অন্য কোন সংস্থা হইতে স্বেচ্ছাপ্রদত্ত চাঁদা বাবদ প্রাপ্য সম্ভাব্য অর্থ;

(ঙ) অন্য কোন উৎস হইতে প্রাপ্য সম্ভাব্য অর্থ।

**ব্যাখ্যা।**ঃ—এই উপবিধিতে 'আত্মীয় স্বজন' বলিতে স্বামী, স্ত্রী, পিতা, মাতা, পুত্র, কন্যা, ভাই এবং বোন বুঝাইবে।

(২) প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী উপ-বিধি (১) এর বিবরণীর সহিত ফরম-গ তে তাহার সম্পত্তি, দায়-দেনা এবং বার্ষিক আয়-ব্যয় এর একটি বিবরণী এবং উহার সহিত তিনি যদি আয়কর পরিশোধ করিয়া থাকেন তাহা হইলে তাহার সর্বশেষ আয়কর রিটার্ণের একটি কপি দাখিল করিবেন।

(৩) রিটার্ণিং অফিসারের নিকট উপ-বিধি (১) এর অধীনে দাখিলকৃত বিবরণীর অনুলিপি এবং উপবিধি (২) এ উল্লিখিত রিটার্ণের অনুলিপি রেজিস্টার্ড ডাকযোগে নির্বাচন কমিশনের বরাবরে প্রেরণ করিতে হইবে।

(৪) যদি প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী উপ-বিধি (১) এর অধীনে দাখিলকৃত বিবরণীতে বর্ণিত উৎসসমূহের বাহিরে অন্য কোন উৎস হইতে অর্থ প্রাপ্ত হন, তাহা হইলে তিনি এইরূপ অর্থ প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে প্রাপ্ত অর্থের পরিমাণ এবং উহার উৎস সম্পর্কে একটি সম্পূরক বিবরণী রিটার্ণিং অফিসারের নিকট দাখিল করিবেন এবং একই সংগে উক্ত বিবরণীর অনুলিপি রেজিস্টার্ড ডাকযোগে নির্বাচন কমিশনারের বরাবরেও প্রেরণ করিবেন।

৪৪গ। **নির্বাচন ব্যয়ের সীমা।**—(১) কোন ব্যক্তি উপ-বিধি (২) এবং (৩) এ উল্লিখিত সীমার অতিরিক্ত কোন অর্থ একজন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নির্বাচন ব্যয় নির্বাহের ব্যাপারে পরিশোধ করিতে পারিবেন না।

(২) একজন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নির্বাচন প্রতিনিধি ব্যতীত অন্য কোন ব্যক্তি উক্ত প্রার্থীর নির্বাচন বাবদ কোন অর্থ ব্যয় করিতে পারিবেন না ঃ

তবে শর্ত থাকে যে—

(ক) মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতাকারী একজন প্রার্থী তাহার নির্বাচনের উদ্দেশ্যে ব্যক্তিগত খরচ বাবদ অনধিক ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করিতে পারিবেন;

(খ) কমিশনার পদে প্রতিদ্বন্দ্বিতাকারী একজন প্রার্থী তাহার নির্বাচনের উদ্দেশ্যে ব্যক্তিগত খরচ বাবদ অনধিক ৫০০০ (পাঁচ হাজার) টাকা ব্যয় করিতে পারিবেন;

(গ) কোন ব্যক্তি নির্দিষ্ট অর্থ খরচ করার জন্য নির্বাচন প্রতিনিধির নিকট হইতে লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত হইলে তিনি উক্ত অর্থ মনোহরী দ্রব্যাদি ও ডাকটিকেট ক্রয়, টেলিগ্রাম ও অন্যান্য ছোট-খাটো খরচ বাবদ ব্যয় করিতে পারিবেন।

(৩) মেয়র পদে একজন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নির্বাচন ব্যয় ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা এবং একই কমিশনার পদে একজন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নির্বাচন ব্যয় ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার অধিক হইবে না; তবে উক্ত ব্যয়ের মধ্যে উপ-বিধি (২) এর শর্তাংশে উল্লিখিত ব্যক্তিগত খরচ অন্তর্ভুক্ত হইবে না।

(৪) উপবিধি (২) অথবা (৩) এ উল্লিখিত পরিমাণ অর্থ অথবা উক্ত অর্থের কোন অংশ নিম্নবর্ণিত কোন কাজে ব্যবহার করা যাইবে না :—

(ক) এক রঙের অধিক রং ব্যবহার করিয়া পোস্টার ছাপানো; অথবা

(খ) আমদানীকৃত কাগজ ব্যবহার করিয়া পোস্টার অথবা অন্য যে কোন প্রচারপত্র ছাপানো; অথবা

(গ) কোন গেট অথবা তোরণ নির্মাণ; অথবা

(ঘ) ৪০০ বর্গ ফুটের অধিক জায়গার উপর কোন প্যান্ডেল স্থাপন; অথবা

(ঙ) কাপড় ব্যবহার করিয়া ব্যানার তৈরী; অথবা

(চ) একই সময়ে একই ওয়ার্ডে দুইয়ের অধিক শব্দযন্ত্র অথবা লাউড স্পীকার ব্যবহার; অথবা

(ছ) নির্বাচনের জন্য নির্ধারিত তারিখের তিন সপ্তাহের পূর্ববর্তী যে কোন সময় যে কোন উপায়ে নির্বাচনী প্রচারনা আরম্ভ; অথবা

(জ) প্রতি ওয়ার্ডে চার এর অধিক নির্বাচনী ক্যাম্প অথবা অফিস স্থাপন; অথবা

(ঝ) শোভাযাত্রা বাহির করিবার নিমিত্ত কোন স্থলযান বা নৌযান ব্যবহার; অথবা

(ঞ) বিদ্যুৎ ব্যবহারের মাধ্যমে আলোকসজ্জা; অথবা

(ট) এক রঙের অধিক কোন প্রতীক অথবা প্রার্থীর প্রতিকৃতি ব্যবহার; অথবা

(ঠ) নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত আকার, অপেক্ষা বৃহত্তর আকারের নির্বাচনী প্রতীক প্রদর্শন।

(৫) নির্বাচনের ফলাফল ঘোষিত হইবার সাত দিনের মধ্যে প্রার্থীর ব্যক্তিগত খরচের হিসাব এবং উপ-বিধি (২) এর অধীন কোন ব্যক্তি কোন অর্থ পরিশোধ করিয়া থাকিলে তিনি উহার পরিমাণ এবং পরিশোধের বর্ণনাসম্বলিত একটি বিবরণী নির্বাচন প্রতিনিধির নিকট প্রেরণ করিবেন।

৪৪ঘ। **নির্বাচন প্রতিনিধি কর্তৃক বিবরণী দাখিল।**—(১) বিধি ৪১ এর অধীনে নির্বাচনের ফলাফল প্রকাশিত হইবার পনের দিনের মধ্যে প্রত্যেক নির্বাচন প্রতিনিধি ফরম-ত তে নির্বাচন ব্যয়ের একটি বিবরণী রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিবেন; উক্ত বিবরণীতে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত ও সংযুক্ত থাকিবে—

(ক) প্রার্থীপদ প্রত্যাহারের দিন হইতে তিনি প্রত্যেক দিন যে অর্থ পরিশোধ করিয়াছেন উহার বিবরণীসহ পরিশোধিত অর্থের স্বপক্ষে বিল, রসিদ এবং ভাউচারসমূহ;

(খ) প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর ব্যক্তিগত খরচ, যদি থাকে, এর পরিমাণ এবং বিবরণ;

(গ) নির্বাচন প্রতিনিধি জ্ঞাত আছেন এমন ধরণের সকল বিতর্কিত দাবীর বিবরণ;

(ঘ) নির্বাচন প্রতিনিধি জ্ঞাত আছেন এমন ধরণের সকল অপরিশোধিত দাবীর বিবরণ;

(ঙ) প্রত্যেক উৎসের নাম নির্দিষ্টভাবে উল্লেখপূর্বক নির্বাচন ব্যয়ের উদ্দেশ্যে যে কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ এবং উক্ত অর্থ প্রাপ্তির স্বপক্ষে প্রমাণাদিসহ বিবরণ।

(২) উপ-বিধি (১) এর অধীনে দাখিলকৃত বিবরণীর সহিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী অথবা তাহার নির্বাচন, প্রতিনিধি ফরম-থ অথবা ফরম থ-১ এ অথবা যে ক্ষেত্রে প্রতিনিধি নাই সেই ক্ষেত্রে উক্ত প্রার্থী ফরম তে একটি এফিডেভিট দাখিল করিবেন;

(৩) নির্বাচন প্রতিনিধি উপ-বিধি (১) অনুযায়ী বিবরণী এবং উপ-বিধি (২) অনুযায়ী এফিডেভিট রিটার্ণিং অফিসারের নিকট দাখিল করিবার সময় উক্ত বিবরণী এবং এফিডেভিটের অনুলিপি রেজিষ্টার্ড ডাকযোগে নির্বাচন কমিশনের বরাবরেও প্রেরণ করিবেন।";—

(২৯) বিধি ৫৭ এর—

(ক) "ছয় মাস পর্যন্ত মেয়াদের কারাদণ্ডে অথবা পাঁচ শত টাকা পর্যন্ত অর্থদণ্ডে অথবা উভয়দণ্ডে" শব্দগুলির পরিবর্তে "অন্যূন দুই বৎসর কিন্তু অনধিক সাত বৎসর সশ্রম কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ক) এর পর নিম্নরূপ নূতন দফা (ক১) এবং (ক ২) সন্নিবেশিত হইবে, যথা:—

"(ক১) তিনি প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী কর্তৃক বিধি ৪৪খ এর অধীন দাখিলকৃত বিবরণী বা সম্পূরক বিবরণীতে উল্লিখিত উৎস ব্যতিরেকে অন্য কোন উৎস হইতে নির্বাচনের ব্যয় নির্বাহ করিয়া থাকেন; অথবা

(ক২) তিনি বিধি ৪৪গ এর কোন বিধান লংঘন করিয়া থাকেন; অথবা";

(৩০) বিধি ৫৮ এর—

(ক) "পাঁচশত টাকা পর্যন্ত অর্থদণ্ডে" শব্দগুলির পরিবর্তে "অন্যূন দুই বৎসর কিন্তু অনধিক সাত বৎসর সশ্রম কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ক) এর পর নিম্নরূপ নূতন দফা (ক১) সন্নিবেশিত হইবে, যথা:—
"(ক১) বিধি ৪৪খ অথবা ৪৪ঘ এর বিধানসমূহ পালনে ব্যর্থ হন; অথবা";

(৩১) বিধি ৬২ এর উপবিধি (২) এর "একমাস পর্যন্ত সশ্রম কারাদণ্ডে অথবা দুইশত টাকা পর্যন্ত অর্থ দণ্ডে অথবা উভয়দণ্ডে" শব্দগুলির পরিবর্তে "অন্যূন দুই বৎসর কিন্তু অনধিক সাত বৎসর সশ্রম কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩২) বিধি ৬৩ এর "একশত টাকা পর্যন্ত অর্থ দণ্ডে" শব্দগুলির পরিবর্তে "অন্যূন ছয় মাস কিন্তু অনধিক তিন বৎসর কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩৩) বিধি ৬৪ এর "তিন মাস পর্যন্ত কারাদণ্ডে অথবা দুইশত পঞ্চাশ টাকা পর্যন্ত অর্থ দণ্ডে অথবা উভয়বিধ দণ্ডে" শব্দগুলির পরিবর্তে "অন্যূন ছয় মাস কিন্তু অনধিক তিন বৎসর কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩৪) বিধি ৬৫ এর—

(ক) উপবিধি (১) এর "ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে অথবা পাঁচশত টাকা পর্যন্ত অর্থ দণ্ডে বা উভয়বিধ দণ্ডে" শব্দগুলির পরিবর্তে "অনূ্যন তিন বৎসর কিন্তু অনধিক দশ বৎসর সশ্রম কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডও" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপবিধি (২) এর "এক বৎসর পর্যন্ত কারাদণ্ডে বা এক হাজার টাকা পর্যন্ত অর্থ দণ্ডে কিংবা উভয়বিধ দণ্ডে" শব্দগুলির পরিবর্তে "অনূ্যন তিন বৎসর কিন্তু অনধিক দশ বৎসর সশ্রম কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩৫) বিধি ৬৬ এর "ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে অথবা পাঁচশত টাকা পর্যন্ত অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডে" শব্দগুলির পরিবর্তে "অনূ্যন এক বৎসর কিন্তু অনধিক পাঁচ বৎসর সশ্রম কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩৬) বিধি ৬৭ এর "ছয় মাস পর্যন্ত কারাদণ্ড কিংবা পাঁচশত টাকা পর্যন্ত অর্থ দণ্ড অথবা উভয় দণ্ডে" শব্দগুলির পরিবর্তে "অনূ্যন এক বৎসর কিন্তু অনধিক পাঁচ বৎসর সশ্রম কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩৭) বিধি ৬৮ এর "ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে বা পাঁচশত টাকা পর্যন্ত অর্থদণ্ড অথবা উভয়দণ্ডে" শব্দগুলির পরিবর্তে "অনূ্যন এক বৎসর কিন্তু অনধিক পাঁচ বৎসর সশ্রম কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩৮) বিধি ৬৯ এর "একশত টাকা পর্যন্ত অর্থ" শব্দগুলির পরিবর্তে "অনধিক এক বৎসর কারাদণ্ডে বা অনধিক পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে কিংবা উভয়বিধ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

